



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১১৯.২০২২/৩৮৮/৬

তারিখ: ২৬/০৯/২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন ফজলুল হক চৌধুরী মহিলা কলেজের প্রভাষক, পৌরনীতি ও সুশাসন বিষয়ে নিয়োগ প্রাপ্ত শিক্ষককে এমপিওভুক্তির বিষয়ে শুনানী।

সূত্র: (ক) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৯২২/২০২২।

(খ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১১৯.২০২২/৩৫৪৭/৩; তারিখ: ২৩/১০/২০২২খ্রি.

(গ) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ এর পত্র নং- মাউশি/ময়/২০১৬/২০৬১; তারিখ: ০৩/০৭/২০২৩খ্রি.

(ঘ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১১৯.২০২২/৪৮৬০/২; তারিখ: ২৪/০৯/২০২৩খ্রি.

(ঙ) সভাপতি ও অধ্যক্ষের পত্র নং- ফ.হ.টো.ম.ক ৪৩/২৩; তারিখ: ০৪/১০/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৯২২/২০২২ এর বিষয়ে অত্র অধিদপ্তরের আইন শাখার মতামত: ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন ফজলুল হক চৌধুরী মহিলা কলেজের প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, জনাব মোঃ আনিসুর রহমান কে এমপিওভুক্তির বিষয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বিগত ১৬/০৭/২০২২খ্রি. তারিখে একটি আবেদন দাখিল করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ আনিসুর রহমান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৯২২/২০২২ দায়ের করেন।


উক্ত রিট পিটিশনে বিবাদীগণের প্রতি কোন জারি করা হয়নি। মহামান্য হাইকোর্ট বিভাগ সরাসরি বিবাদী নং ২ অর্থাৎ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পিটিশনারের ১৬/০৭/২০২২খ্রি. তারিখের (Annexure- D) আবেদন ০১ (এক) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন। উল্লেখ্য যে, আবেদন নিষ্পত্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ ২নং বিবাদীকে পূর্ণ স্বাধীনতা প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৯২২/২০২২ এর নির্দেশ অনুসারে পিটিশনারের ১৬/০৭/২০২২খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তি করতে হবে এবং নিষ্পত্তির বিষয় পিটিশনারকে অবহিত করতে হবে।

আইন শাখার মতামতের প্রেক্ষিতে পিটিশনারের ১৬/০৭/২০২২খ্রি. তারিখের (Annexure- D) আবেদন পর্যালোচনা করা হয়েছে। ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন ফজলুল হক চৌধুরী মহিলা কলেজের প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, জনাব মোঃ আনিসুর রহমান ১৭/১১/২০১৪খ্রি. তারিখে নিয়োগ পেয়ে ১৮/১১/২০১৪খ্রি. তারিখ যোগদান করেন। পরবর্তীতে উক্ত কলেজের অধ্যক্ষ মৌখিকভাবে ২০/০২/২০১৮খ্রি. তারিখ হতে প্রতিষ্ঠানে আসতে নিষেধ করেন। পরবর্তীতে অধ্যক্ষ তার নামের উপর ফ্লুইড ব্যবহার করে জনাব স্বরস্বতী মোদক নামে একজনকে নিয়োগ দেখায়। প্রতিষ্ঠানটিকে ০৬/০৭/২০২২খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয় এমপিও প্রদান করেন। বর্তমানে অধ্যক্ষ তার এমপিওভুক্তির কাগজপত্র না পাঠিয়ে জনাব স্বরস্বতী মোদক এর নাম পাঠাচ্ছে। সে প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন ফজলুল হক চৌধুরী মহিলা কলেজের প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, জনাব মোঃ আনিসুর রহমান- কে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি আবেদন করেন।

বর্ণিত বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী ব্যাখ্যা/মতামত প্রদানের জন্য উক্ত কলেজের সভাপতি, অধ্যক্ষ এবং মোঃ আনিসুর রহমান, প্রভাষক, পৌরনীতি ও সুশাসনকে পত্র দেয়া হয়। মাউশির পত্রের প্রেক্ষিতে সভাপতি এবং অধ্যক্ষ ব্যাখ্যা/মতামত প্রদান করেছেন। কিন্তু মোঃ আনিসুর রহমান, প্রভাষক, পৌরনীতি ও সুশাসন কোন ব্যাখ্যা প্রদান করেননি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে অধ্যক্ষের জবাব এবং সভাপতির মতামতের আলোকে জনাব মোঃ আনিসুর রহমান এবং জনাব স্বরস্বতী রাণী মোদক এর নিয়োগ সংক্রান্ত, মামলা সংক্রান্ত এবং কলেজে নিরবচ্ছিন্ন কর্মরত থাকার মূল প্রমাণকসহ সকল কাগজপত্রসহ মাউশি অধিদপ্তরের বেরসকারি কলেজ শাখার আগামী ৩১/০১/২০২৪খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় শুনানীতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

- ১। সভাপতি
পরিচালনা পরিষদ, ফজলুল হক চৌধুরী মহিলা কলেজ, তারাকান্দা, ময়মনসিংহ
- ২। অধ্যক্ষ, ফজলুল হক চৌধুরী মহিলা কলেজ, তারাকান্দা, ময়মনসিংহ
- ৩। জনাব স্বরস্বতী রাণী মোদক, প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, ফজলুল হক চৌধুরী মহিলা কলেজ, তারাকান্দা, ময়মনসিংহ
- ৪। জনাব মোঃ আনিসুর রহমান প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, ফজলুল হক চৌধুরী মহিলা কলেজ, তারাকান্দা, ময়মনসিংহ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৩। উপপরিচালক (ক- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪। অফিসার ইন চার্জ (অতি: দায়িত্ব আইন শাখা) কমার্শিয়াল সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা